**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যজুড়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য রাজ্য সরকার বিদ্যুৎ পরিকাঠামো আধুনিকীকরণের কাজ শুরু করছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভগবান বুদ্ধের দেখানো জ্ঞান এবং পথ সমগ্র মানবতার জন্য এবং তাঁর পবিত্র ধ্বংসাবশেষ কেবল শিল্পকর্ম নয় বরং দেশের সম্মানিত ঐতিহ্যের অংশ।**

**(৩) ভারতীয় নির্বাচন কমিশন ECINet অ্যাপ ডাউনলোড করে অ্যাপের 'Submit a Suggestion' ট্যাবের মাধ্যমে অ্যাপটি আরও উন্নত করার জন্য সমস্ত নাগরিকের কাছ থেকে প্রস্তাব আহ্বান করেছে।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা চারদিন ব্যাপী অনূর্ধ্ব ১৭ বছরের বালক বিভাগের ৬৯তম জাতীয় স্কুল যোগা প্রতিযোগিতার উদ্বোধন করেন।**

*******************************************

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন রাজ্যজুড়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার কাজ রাজ্য সরকার বিদ্যুৎ পরিকাঠামো আধুনিকীকরণের জন্য শুরু করছে। আজ আগরতলায় বিদ্যুৎ নিগমের নতুন ভবনের ভূমিপূজা অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেড ডোনার মন্ত্রকের বিশেষ পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের আর্থিক সহায়তায় রাজ্যে বিদ্যুৎ ট্রান্সমিশন ব্যবস্থা আধুনিকীকরণের উদ্যোগ নিয়েছে। তিনি বলেন এই ভবন নির্মাণের জন্য মোট ব্যয় হবে ১২ কোটি

৩৩ লক্ষ টাকা। বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, কর্পোরেটর হিমানী দেববর্মা, TSCEL-এর এমডি বিশ্বজিৎ বসু প্রমুখ।

**************************

**Khowai-Police :**

নেশা মুক্ত সমাজ এবং মহিলা সংক্রান্ত অপরাধের বিরুদ্ধে সচেতনতা বাড়াতে খোয়াই থানা পুলিশের উদ্যোগে আজ দশরথ দেব মেমোরিয়াল কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে একটি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই জেলার পুলিশ সুপার রানাদিত্য দাস, কলেজের অধ্যক্ষ ড. খোকন মজুমদার।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভগবান বুদ্ধের দেখানো জ্ঞান এবং পথ সমগ্র মানবতার জন্য এবং তাঁর পবিত্র ধ্বংসাবশেষ কেবল শিল্পকর্ম নয় বরং দেশের সম্মানিত ঐতিহ্যের অংশ। তিনি বলেন, এই ধ্বংসাবশেষগুলি দেশের সভ্যতার অবিচ্ছেদ্য অংশ। তিনি আজ নতুনদিল্লির রাই পিথোরা সাংস্কৃতিক কমপ্লেক্সে ভগবান বুদ্ধের পবিত্র পিপ্রহওয়া ধ্বংসাবশেষের গ্র্যান্ড আন্তর্জাতিক প্রদর্শনীর উদ্বোধন করেন, যার শিরোনাম "আলো এবং পদ্ম: জাগ্রত ব্যক্তির ধ্বংসাবশেষ"। তিনি এই প্রদর্শনীর ক্যাটালগও উন্মোচন করেন।

বৌদ্ধ ঐতিহ্য সম্পর্কে বলতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, ভারত বিশ্বজুড়ে বৌদ্ধ ঐতিহ্যবাহী স্থানগুলির উন্নয়নে অবদান রাখার জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, এখন বৌদ্ধ স্থানগুলির আধুনিকীকরণ করা হচ্ছে এবং তীর্থযাত্রীদের জন্য নতুন সুযোগ-সুবিধা তৈরি করা হচ্ছে।

####Byte-PM####

শ্রী মোদী বলেন, ভগবান বুদ্ধের শিক্ষা মূলত পালি ভাষায় এবং তাঁর সরকারের প্রচেষ্টা হল পালি ভাষাকে আরও বৃহত্তর পরিসরে পৌঁছে দেওয়া। তিনি বলেন, পালিকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়া হয়েছে। এই প্রদর্শনীতে প্রথমবারের মতো, পিপ্রাহওয়া থেকে এক শতাব্দীরও বেশি সময় পর ফিরিয়ে আনা পিপ্রাহওয়া নিদর্শনগুলিকে একত্রিত করা হয়েছে, যা নতুনদিল্লির জাতীয় জাদুঘর এবং কলকাতার ভারতীয় জাদুঘরের সংগ্রহে সংরক্ষিত রয়েছে।

**************************

**ABVP MINISTER :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুর রাজর্ষি কলাক্ষেত্রে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের তিন দিন ব্যাপী ২৮তম প্রদেশ অধিবেশনের উদ্বোধন করেন। অর্থমন্ত্রী তার বক্তব্যে স্বামী বিবেকানন্দের জীবন ও আদর্শকে পাথেয় করে যুবকদের নতুন ভারত গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। উপস্থিত ছিলেন অখিল ভারতের বিদ্যার্থী পরিষদের রাষ্ট্রীয় সহ সংঘটন মন্ত্রী গোবিন্দ চন্দ্র নায়েক, সংগঠনের ত্রিপুরা প্রদেশ সভাপতি দেবরাজ পানিদ্রোহী, প্রদেশ সম্পাদক রবিশংকর হালদার।

****************************

**Voice Over-India Through the World's Eyes in 2025 :**

২০২৫ সালের মধ্যে ভারতকে নিয়ে বিশ্বব্যাপী আলোচনাসহ সার্বিক ভাবনা চিন্তায় সুনির্দিষ্ট ইতিবাচক পরিবর্তন এসেছে। এখন আর বলা হয় না, ভারত উন্নতি করবে কি না, বরং সেটা কত দ্রুত এবং কতদূর হবে সেটাই মূল কৌতূহল। অনিশ্চয়তা, বিভাজন এবং ঘন ঘন নীতি পরিবর্তনের এই দুনিয়ায়, ভারত একটি বিরল বৈশিষ্ট্যের জন্য আলাদা পরিচিতি পেয়েছে। আর সেটি হলো উচ্চাকাঙ্ক্ষার সঙ্গে ধারাবাহিকতা। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**All Tripura Blind committee :**

লুইস ব্রেইলের ২১৮তম জন্মজয়ন্তী উপলক্ষে অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে আগামীকাল আগরতলা প্রেস ক্লাবে দ্বিতীয় উত্তর পূর্বাঞ্চলীয় প্যারা অলিম্পিক গেইমস ২০২৫-এ পদক জয়ী খেলোয়াড়দের সংবর্ধনা প্রদান করা হবে। উপস্থিত থাকবেন সমবায় মন্ত্রী শুক্লচরণ নোয়াতিয়া ও পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী।

****************************

**Swamiji :**

বীর সন্নাসী স্বামী বিবেকানন্দের ১৬৪তম জন্মজয়ন্তীকে সামনে রেখে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। "দেবত্বের সন্ধানে" শীর্ষক এই আলোচনাসভার আয়োজন করে কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রম, কৈলাশহর পুর পরিষদ ও বিদ্যালয় শিক্ষা দপ্তর। বক্তব্য

রাখেন বেলুড় রামকৃষ্ণ মঠ ও মিশনের অছি পরিষদ সদস্য স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজ, শিলচর রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী গনভিষানন্দজী মহারাজ, শ্রীভূমি রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী প্রেমঘনানন্দজী মহারাজ প্রমুখ।

****************************

**ECINet :**

ভারতীয় নির্বাচন কমিশন ECINet অ্যাপ ডাউনলোড করে অ্যাপের 'Submit a Suggestion' ট্যাবের মাধ্যমে অ্যাপটি আরও উন্নত করার জন্য সমস্ত নাগরিকের কাছ থেকে প্রস্তাব আহ্বান করেছে। আগামী ১০ই জানুয়ারি পর্যন্ত প্রস্তাব দেওয়া যাবে। কমিশন জানিয়েছে, ব্যবহারকারীদের প্রস্তাবসমূহ পর্যালোচনার পর প্লাটফর্মটিকে আরও ব্যবহারবান্ধব করতে পরবর্তী সময়ে update করা হবে।

*****************************

**Package Story-G RAM G :**

২০২৫ সালে এক গুচ্ছ ইতিবাচক পরিবর্তনের ধারায় সংস্কারের নতুন ভাবনা যুক্ত হয়েছে। বিকশিত ভারত জি রাম জি আইন, ২০২৫-এর মধ্যে অন্যতম। মূল বৈশিষ্ট্যসমূহ এই নতুন আইন পূর্ববর্তী ব্যবস্থাকে ঢেলে সাজিয়েছে, যাতে ২০৪৭ সালের মধ্যে বিকশিত বা উন্নত ভারতের লক্ষ্য পূরণের ভাবনার সঙ্গে গ্রামীণ কর্মসংস্থানকে সামঞ্জস্যপূর্ণ করা যায়। একটি প্রতিবেদন।

#######VC######

***************************

**National School Yoga :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় এন.এস.আর.সি.সি-তে চারদিন ব্যাপী অনূর্ধ্ব ১৭ বছরের বালক বিভাগের ৬৯তম জাতীয় স্কুল যোগা প্রতিযোগিতার উদ্বোধন করেন। তিনি বলেন,

যোগাসনের মতো মহান ভারতীয় ঐতিহ্যকে কেন্দ্র করে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা তরুণ প্রতিভাদের একত্রিত হওয়া শুধু একটি প্রতিযোগিতা নয়, বরং এটি ভারতের সাংস্কৃতিক শক্তি, শারীরিক সক্ষমতা ও মানসিক দৃঢ়তার পরিচয় বহন করে। ত্রিপুরাকে অনূর্ধ্ব-১৭ বালক যোগাসন বিভাগে ৬৯তম ন্যাশনাল স্কুল গেমস আয়োজনের দায়িত্ব দেবার জন্য মুখ্যমন্ত্রী স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়াকে ধন্যবাদ জানান। মুখ্যমন্ত্রী বলেন, এই প্রতিযোগিতায় দেশের ৩৫টি রাজ্য থেকে প্রায় ৩৫০ জন প্রতিযোগী অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, পদ্ম শ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার প্রমুখ। এই প্রতিযোগিতা আগামী ৬ই জানুয়ারি পর্যন্ত চলবে।

*************************

**PM, Volleyball :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে বারাণসীতে ৭২তম জাতীয় ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন করবেন। এই মাসের ১১ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় এই টুর্নামেন্টে বিভিন্ন রাজ্য এবং প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী ৫৮টি দলের অংশ হিসেবে ১,০০০ জনেরও বেশি খেলোয়াড় অংশ নেবেন।

**************************

**Vijay Hazare :**

বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের খেলায় ত্রিপুরা ফের পরাজিত হয়েছে। আমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে কর্ণাটক ৮০ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ রাত থেকে আগামীকাল রাজ্যের কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ

দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************